

কী আছে দর্শক মুগ্ধ করা 'দেলুপি' সিনেমায় -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৮ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২০ নভেম্বর ২০২৫ ইং ঃ ৫ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৮ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

# মেহেরপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট

## মানসম্মত শিক্ষায় ধস নেমেছে

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট, প্রশাসনিক অস্থিরতা ও শিক্ষার মান পতন নিয়ে অভিভাবক ও সাধারণ মানুষের উদ্বেগ বাড়ছে। জেলার বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক শূন্যপদ দীর্ঘদিন ধরে পূরণ না হওয়ায় পাঠদানে নেমে এসেছে দৃশ্যমান ব্যাঘাত। জানা গেছে, সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বহু বিদ্যালয়ে প্রয়োজনের তুলনায় শিক্ষক সংখ্যা কম। ফলে একজন শিক্ষককে একাধিক শ্রেণি নিতে হচ্ছে। এতে বাংলা, গণিত ও ইংরেজির মতো মূল বিষয়ে শিখন ঘাটতি বাড়ছে। শিক্ষক সংকটের পাশাপাশি প্রধান শিক্ষক শূন্য থাকা এখন সাধারণ চিত্র।
জুগিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ২৫ বছর ধরে স্থায়ী প্রধান শিক্ষক নেই। একজন সহকারী শিক্ষকই দীর্ঘদিন ধরে ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করছেন। সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়েও দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক নেই। হাসনাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্ধারিত ৭ জনের স্থলে মাত্র ৪ জন শিক্ষক রয়েছেন। এসব প্রতিষ্ঠানে সহকারী শিক্ষকরা প্রশাসনিক দায়িত্ব ও শ্রেণিকক্ষে পাঠদান–দুটি চাপ সামলাতে গিয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হিমশিম খাচ্ছেন। অভিভাবকদের অভিযোগ, অনেক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি ৮৮ শতাংশের কাছাকাছি, কিন্তু শেখার মান আশঙ্কাজনকভাবে কমে যাচ্ছে। নিয়মিত ক্লাস পরিচালনায় ঘাটতি, সহপাঠমূলক কার্যক্রমের স্থবিরতা এবং বই-উপকরণ সংকট শিক্ষার্থীদের শেখার আগ্রহ কমিয়ে দিচ্ছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসের তথ্য বলছে, ২০২৫ সালের প্রথমার্ধে বার্ষিক মূল্যায়নে প্রায় ৩০ শতাংশ শিক্ষার্থী প্রত্যাশিত মানে পৌঁছাতে পারেনি। রেশমি জাহান নাসে এক অভিভাবক বলেন, "শিক্ষকদের অনিয়ম, উপকরণের অভাব আর নিয়মিত মানসম্মত শ্রেণি না হওয়ায় বাচ্চাদের শেখার আগ্রহ কমে যাচ্ছে। ভবিষ্যতে বড় সমস্যা হবে।" জেলা প্রাথমিক শিক্ষা অফিস জানিয়েছে, শিক্ষক নিয়োগ প্রক্রিয়া দ্রুত এগোচ্ছে। পাশাপাশি– শিক্ষক প্রশিক্ষণ, বিদ্যালয়ভিত্তিক মনিটরিং জোরদার,

২-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে সনদ জালিয়াতি শিক্ষকের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহে সনদ জালিয়াতির অভিযোগে সদর উপজেলার অধ্যক্ষ মোশাররফ হোসেন-সালেহা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মো. রনি আক্তারকে সাত বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত। রনি আক্তারের পিতার নাম নুরুল ইসলাম এবং তিনি দুর্গা নারায়ণপুর পুটিয়া গ্রামের বাসিন্দা। গতকাল বুধবার দুপুরে ঝিনাইদহ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. মাসুদ আলী এই রায় ঘোষণা করেন। মামলার বাদী ছিলেন একই বিদ্যালয়ের বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জেলা জামায়াতের বিশাল মোটরসাইকেল শোভাযাত্রা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা জামায়াতের উদ্যোগে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বিশাল নির্বাচনি মোটরসাইকেল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৯ নভেম্বর ২০২৫) বিকেল সাড়ে ৩টায় মেহেরপুর সরকারি কলেজ মাঠ থেকে শোভাযাত্রাটি শুরু হয়। মেহেরপুর-১ ( মেহেরপুর- মুজিবনগর) আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দিন খান শোভাযাত্রার নেতৃত্ব দেন। এতে শতাধিক মোটরসাইকেল অংশগ্রহণ করে। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাওলানা মহাবুব উল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খানজাহান আলী, জেলা বায়তুলমাল সম্পাদক মো. জারজিস হোসাইন, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম ও মুজিবনগর উপজেলা সেক্রেটারি মো. খাইরুল বাশারসহ জামায়াতের

২-এর পৃষ্ঠা দেখুন



## বীর মুক্তিযোদ্ধা শামসুল হককে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার হিজুলি গ্রামের বীর মুক্তিযোদ্ধা শামসুল হককে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।গতকাল বুধবার সকালে হিজুলি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে তাকে গার্ড অব অনার প্রদান করা হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত মরদেহে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে বসতবাড়িতে চুরি: স্বর্ণ-নগদ ১১ লাখ টাকা লোপাট

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার নতুনপাড়ায় একটি বসতবাড়িতে চুরি ঘটেছে। চোরেরা তালা ভেঙে ঘরে প্রবেশ করে স্বর্ণালঙ্কার ও নগদ টাকা সহ প্রায় ১১ লাখ টাকার মালামাল নিয়ে গেছে। ভুক্তভোগী বেগম দিলরুবা বেলী (৬০) জানান, অসুস্থ থাকার কারণে গত শুক্রবার ( ১৪ নভেম্বর) থেকে তিনি তার ছোট মেয়ের বাড়িতে ছিলেন। এ সুযোগে অজ্ঞাত চোরেরা তার বাড়ির সীমানা প্রাচীর টপকে ভেতরে প্রবেশ করে ৫ ভরি স্বর্ণালঙ্কার এবং নগদ ১ লাখ টাকা নিয়ে যায়। পরে গত মঙ্গলবার (১৮ নভেম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপি বালিকা বিদ্যালয়ে ইউএনও খায়রুল ইসলামের পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খায়রুল ইসলাম আমঝুপি সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয় পরিদর্শন করেছেন। গতকাল বুধবার সকালে তিনি বিদ্যালয়ের শিক্ষা পরিবেশ ও বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে ইউএনও লেখাপড়ার মানোন্নয়ন, নিয়মিত উপস্থিতি, পরিষ্কার-

২-এর পৃষ্ঠা দেখুন

## দর্শনায় বিএনপি কর্মীর ট্রাকে দুর্বৃত্তদের আগুন

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দর্শনা পুরাতন বাজার সংলগ্ন হাজী আব্দুল কাদেরের আড়তের সামনে পার্কিং করা একটি ট্রাকে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত (১৮ নভেম্বর) রাত আনুমানিক আড়াইটার দিকে এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গভীর রাতে দর্শনামুজিবনগর মহাসড়কের পাশে পার্কিং করা ট্রাকটিতে দুর্বৃত্তরা আগুন ধরিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ফায়ার সার্ভিসকে জানান। পরে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

২-এর পৃষ্ঠা দেখুন



## বিটিভির 'নতুন কুঁড়ি ২০২৫'-এ সেরা দশে মেহেরপুরের ফারিয়া রহমান মাহি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের ষষ্ঠ শ্রেণির মেধাবী ছাত্রী ফারিয়া রহমান মাহি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) আয়োজন করা 'নতুন কুঁড়ি ২০২৫'-এর আবৃত্তি (খ) বিভাগে সেরা দশে জায়গা করে নিয়েছে। তার এই সাফল্যে বিদ্যালয় ও পরিবারে আনন্দের জোয়ার নেমে এসেছে। ফারিয়া রহমান মাহি মুজিবনগর

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ৩১ দফা প্রচারে মাঠে আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক.গাংনী

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি-নামার লিফলেট বিতরণ ও ধানের শীষের পক্ষে ভোট প্রার্থনার মধ্য দিয়ে গাংনীতে নির্বাচন প্রচারে নেমেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের বিএনপি মনোনীত প্রার্থী আমজাদ হোসেন। গতকাল বুধবার সকালে তিনি বিভিন্ন এলাকায় লিফলেট বিতরণ ও গণসংযোগ করেন। গণসংযোগকালে গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, দীর্ঘ ২৭ বছর মানুষ তাদের ভোটাধিকার পুরোপুরি প্রয়োগ করতে পারেনি। ৩১ দফা সংস্কার বাস্তবায়িত হলে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বিএনপির দলীয় মনোনয়ন পরিবর্তনের দাবিতে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে দলীয় মনোনয়ন পরিবর্তনের দাবিতে ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে গাংনীতে বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে গাংনী বাজার থেকে শুরু হওয়া মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা বিএনপির কার্যালয় চত্বরে সমাবেশে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে অসহায় রোগীর পাশে দাঁড়ালেন তাজউদ্দিন খান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী'র আমীর ও মেহেরপুর-১ আসন মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান অসুস্থ রোগীর চিকিৎসার জন্য মানবিক সহায়তা দিয়েছেন। গতকাল বুধবার সকালে তিনি সরাসরি রোগীর বাড়িতে গিয়ে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করেন। স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে শারীরিক জটিলতায় ভুগছেন সদর উপজেলার বামনপাড়ার বাসিন্দা উজ্জল চন্দ্র দাস। চিকিৎসার খরচ বহন করতে না পারায় তার পরিবার চরম সংকটে

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ার পদ্মা নদীতে বালু লুট, নিখোঁজ জেলা শ্রমিক নেতা

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

অবৈধ দখলদারদের কবলে কুষ্টিয়ার পদ্মা নদীর ডিগ্রিরচর। প্রশাসনের চোখের সামনে প্রতিদিন কোটি টাকার বালু লুট হচ্ছে, কিন্তু কেউ তা রুখছে না। অভিযোগ উঠেছে, কুষ্টিয়া জেলা প্রশাসনের মৌখিক নির্দেশে একাধিক চক্র দীর্ঘদিন ধরে অবৈধভাবে বালু উত্তোলন করছে। গত রবিবার হাটসহরিপুর ইউনিয়নের ভবানীপুর মৌজার পদ্মা নদীর ডিগ্রিরচরে খাস আদায়ের সময় কুষ্টিয়া জেলা শ্রমিক দলের যুগ্ম সম্পাদক আবেদুর রহমান আন্নু নিখোঁজ হন। পরিবারের অভিযোগ,

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর: (দামুড়হুদাই বিএনপি জামাত সংঘর্ষ আহত ১০)

রাজনীতি করবি তোরা
তোদের মতন করে
ফাটাফাটি করলে মধু
পড়বি গ্যাড়া কলে ।
ব্যানার পোস্টার লাগাবি তোরা
ছিঁড়বি কেন ভাই
অন্য দলের প্রতি তোদের
কোন শ্রদ্ধা ভক্তি নাই।
সালিশ বর্গ করতে হলে
ধৈর্য থাকতে হবে
এমন সালিশ করো নাকো
রক্ত ঝরবে শেষে।
কেউ করবে ধানের শীষ
কেউ করবে দাড়ি
অন্য কেউ আনলে প্রতীক
শ্রদ্ধার সাথে মানি।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ৫ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২০ নভেম্বর ২০২৫ইং


## শেখ হাসিনার রায় ঘিরে দেশে কোনো অস্থিরতা নেইঃ স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

জুলাইয়ের গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে ভারতে আশ্রয় নেওয়া সাবেক প্রধানমন্ত্রী ঝযবরশয ঐধংরহধ-র বিরুদ্ধে ঘোষিত মৃত্যুদণ্ডের রায়কে কেন্দ্র করে দেশে কোনো ধরনের অস্থিরতা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)। বুধবার সকালে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও সার্বিক নিরাপত্তা ব্যবস্থাপনা নিয়ে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভা

## বিদেশিদের দিয়ে বন্দর পরিচালনা দেশের জন্য কতটা ইতিবাচক

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ লালদিয়া কনটেইনার টার্মিনাল ও পানগাঁও অভ্যন্তরীণ কনটেইনার টার্মিনাল (আইসিটি) পরিচালনার জন্য দুই বিদেশি কোম্পানির সঙ্গে চুক্তি করেছে। ডেনমার্কের এপিএম টার্মিনালস লালদিয়া টার্মিনাল নির্মাণ ও ৩০ বছরের পরিচালনা দায়িত্ব পেয়েছে, যেখানে ৫৫ কোটি ডলার বিনিয়োগ করা হবে। সুইজারল্যান্ডের মেডলগ এসএ পানগাঁও আইসিটি পরিচালনায় দায়িত্ব নিয়েছে, ২২ বছরে মোট চার কোটি ডলার (প্রায় ৪৯০ কোটি টাকা) বিনিয়োগ করবে। চুক্তি অনুযায়ী, লালদিয়া টার্মিনালে বছরে ৮/১০ লাখ টিইইউএস কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা থাকবে। বাংলাদেশ ৮ লাখ কনটেইউএস পর্যন্ত প্রতি কনটেইনারে ২১ ডলার এবং এর বেশি হলে ২৩ ডলার পাবার সুযোগ পাবে। পানগাঁও আইসিটিতে মেডলগ কোম্পানি তাদের প্রযুক্তি ও কনটেইনার ব্যবহার করে কার্যকারিতা বৃদ্ধি করবে। বন্দর বিশেষজ্ঞরা মনে করেন, অভিজ্ঞ আন্তর্জাতিক অপারেটররা বন্দর পরিচালনায় দক্ষতা, প্রযুক্তি এবং বিনিয়োগ নিশ্চিত করবে। চুক্তির মাধ্যমে লালদিয়ায় ১১ মিটার বা তারও বেশি ড্রাফটের জাহাজ প্রবেশ করতে পারবে, যা বর্তমান বন্দর ও জাহাজ পরিচালনায় সীমাবদ্ধতা কাটাবে। বিদেশি পরিচালনায় প্রতিযোগিতা বৃদ্ধি পাবে, কনটেইনার হ্যান্ডলিং খরচ কমবে এবং ব্যবসায়ীদের সুবিধা হবে। চট্টগ্রাম বন্দরের সাবেক সদস্য ও বিশেষজ্ঞ জাফর আলম বলেন, "বিশ্বের বড় বড় বন্দরগুলো আন্তর্জাতিক অপারেটরের হাতে পরিচালিত হয়। বাংলাদেশও এখন বৈশ্বিক মানের বন্দর ব্যবস্থাপনায় এগোতে পারবে।" শিপিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ মোহাম্মদ আরিফ বলেন, "এটি একটি ভালো উদ্যোগ। লালদিয়ায় ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগ আসবে, প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা নিশ্চিত হবে এবং বন্দর কার্যকারিতা বৃদ্ধি পাবে।" মোটকথা, লালদিয়া ও

## তারেক রহমানের ছবি ব্যবহারে আপত্তি জানিয়েছে এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনী প্রচারণায় দলের প্রধান ছাড়া অন্য কারও ছবি ব্যবহার না করার নিয়মকে স্বাগত জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। বুধবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রাজনৈতিক দলগুলোর সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) সংলাপে এ দাবি তোলে দলটি। সংলাপে এনসিপির যুগ্ম সদস্যসচিব জহিরুল ইসলাম মূসা বলেন, "বিধিতে বলা হয়েছে দলীয় প্রধান ছাড়া অন্য

জীবন ধারা



## অল্প বিরতি, বড় প্রভাব

সূর্যোদয় প্রতিবেদক

দীর্ঘ সময় কাজের ফলে শরীর ও মন ক্লান্ত হয়ে পড়ে। কিন্তু গবেষণা বলছে, মুক্তির জন্য দীর্ঘ ছুটি নয়–দৈনন্দিন কাজের মাঝখানে ছোট ছোট বিরতিই যথেষ্ট। মাইক্রো ব্রেকের কার্যকারিতা : মাইক্রো ব্রেক বলতে বোঝানো হয় ১০ মিনিট বা তার কম সময়ের বিরতি। রোমানিয়ার ওয়েস্ট ইউনিভার্সিটি অব তিমিসোয়ারার গবেষকরা ২২টি গবেষণার তথ্য বিশ্লেষণ করে দেখেছেন, যাঁরা এভাবে অল্প সময় বিশ্রাম নেন, তাঁদের শক্তি ও মনোবল প্রায় ৬০ শতাংশ বেশি থাকে। কানাডার টরন্টো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জন ট্রুগাকোস বলেন, 'কিছু মিনিট দাঁড়িয়ে স্ট্রেচ করা, হাঁটা বা চোখ বন্ধ করা শরীর ও মনকে নতুন শক্তি দেয়।' তিনি আরও জানান, দীর্ঘ সময় একই ভঙ্গিতে বসলে শরীরে টান পড়ে, চোখ ব্যথা বা মাথাব্যথা হয়, যা অল্প বিরতিতে কমানো সম্ভব। কতক্ষণ বিরতি? প্রায় ৯০ মিনিট কাজের পর ১৫-২০ মিনিট বিশ্রাম নেওয়া উচিত। এর মধ্যে প্রতি ২০৩০ মিনিট অন্তর কয়েক মিনিটের ক্ষণিক বিরতিও থাকতে পারে। গুরুত্বপূর্ণ হলো–বিরতিটি আপনাকে মানসিকভাবে প্রশান্তি দেবে এমনভাবে নেওয়া। ছোট বিরতির বড় গুরুত্ব : কর্মীরা যত প্রফুল্ল মনে কাজ করবে, প্রতিষ্ঠানের জন্য তত



## কুমারখালী পৌরসভায় গাড়িচালকের মৃত্যু, সার্ভেয়ার পলাতক

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার কুমারখালী পৌরসভায় বকেয়া বেতন দাবি করতে গিয়ে ধস্তাধস্তির একপর্যায়ে শহিদুল ইসলাম (৫৭) নামের এক গাড়িচালকের মৃত্যুর ঘটনা ঘটেছে।গতকাল বুধবার সকালে পৌর ভবনের ভেতরে এ ঘটনা ঘটে। অভিযোগ উঠেছে–সার্ভেয়ার মো. ফিরোজুল ইসলামের কিলঘুষিতে তার মৃত্যু হয়েছে। ঘটনার পর থেকেই তিনি পলাতক। নিহতের মেয়ে সুবর্ণা খাতুন অভিযোগ করে বলেন, ছোট কর্মচারীদের বেতন দেওয়া হয় না। বেতন চাইতে গেলে সার্ভেয়ার ফিরোজুল তার বাবাকে কিলঘুষি মেরে ১০১ নম্বর কক্ষে আটকে রাখে। সেখানেই তিনি মারা যান। ঘটনার পর স্বজন ও এলাকাবাসী ফিরোজুলের বাড়িতে হামলা চালায় এবং পৌর ভবনের প্রধান ফটক আটকে বিক্ষোভ করে। পৌরসভা সূত্র জানায়, ৫৭ কর্মকর্তা-কর্মচারী প্রায় ৪২ মাসের বকেয়া বেতন পাননি। সকালেই শহিদুল বেতন দাবিতে বিভিন্ন কক্ষ বন্ধ করতে গেলে সার্ভেয়ার ফিরোজুলের সঙ্গে তর্ক ও ধস্তাধস্তি হয়। পরে

## গণতন্ত্র চাইলে 'মব ভায়োলেন্স' পরিহার করতে হবেঃ ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য দেশে 'মব ভায়োলেন্স'নির্ভর রাজনৈতিক সংস্কৃতি থেকে সরে আসার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বুধবার (১৯ নভেম্বর) দুপুরে গুলশানের একটি হোটেলে 'চব্বিশের গণঅভ্যুত্থানে বিএনপি' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, "গণতন্ত্রের প্রধান শর্ত হচ্ছে ভিন্ন মতকে সহ্য করার ক্ষমতা। আপনার মত আমার সঙ্গে নাও মিলতে পারে, কিন্তু আপনাকে পিটিয়ে, ভয় দেখিয়ে, মব ভায়োলেন্স তৈরি করে চুপ করিয়ে দেওয়া–এটা কোনো গণতন্ত্র নয়।"
তিনি আরও বলেন, দেশে যদি টেকসই গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তুলতে হয়, তবে বিচার বিভাগ, মিডিয়া, সংসদসহ সব গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে হবে। "কে জিতল বা হারল–এটা বড় বিষয় নয়। বড়



## 'আইনজীবী ঐক্য পরিষদ' বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি-জামায়াত সমর্থিত 'আইনজীবী ঐক্য পরিষদ' সবকটি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছে। সভাপতি পদে নির্বাচিত হয়েছেন মো. কাজী একরামুল হক, সাধারণ সম্পাদক পদে মো. শফিউল আলম। সহ-সভাপতি পদে কাজী মো. আলাউদ্দিন হক আলো, সহ-সাধারণ সম্পাদক এ এস এম রাকিব উল হাসান। এছাড়া অন্যান্য সম্পাদক ও সদস্য পদেও পরিষদের মনোনীত প্রার্থীরা বিজয়ী হয়েছেন। নির্বাচন কমিশনার মো. তারিকুল আলম স্বাক্ষরিত চূড়ান্ত তালিকা অনুযায়ী, নির্ধারিত সময়ের মধ্যে অন্য কোনো প্রার্থী মনোনয়ন না দেওয়ায় উল্লিখিত প্রার্থীরাই নির্বাচিত হয়েছেন।নবনির্বাচিতদের অভিনন্দন জানানো হয়েছে ঝিনাইদহ প্রেসক্লাব, জেলা বিএনপি, জামায়াতে ইসলামী, গণঅধিকার পরিষদ এবং বিভিন্ন সামাজিক ও ছাত্র সংগঠনের পক্ষ থেকে।

## জাপাকে সুযোগ দিলে নির্বাচন বর্জনের হুঁশিয়ারি গণঅধিকার পরিষদের

সূর্যোদয় প্রতিবেদন

স্বৈরাচারের দোসর হিসেবে আখ্যায়িত জাতীয় পার্টিকে (জাপা) নির্বাচনে অংশগ্রহণের সুযোগ দেওয়া হলে গণঅধিকার পরিষদ নির্বাচন বর্জন করবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দলটির সাধারণ সম্পাদক রাশেদ খান। মঙ্গলবার (১৮ নভেম্বর) বিকেলে ঝিনাইদহ সদর উপজেলার বাজারগোপালপুর বাজারে নির্বাচনী গণসংযোগ শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ সতর্কতা দেন। রাশেদ খান অভিযোগ করেন, ভারতের মদদে আওয়ামী লীগের ডামি প্রার্থীরা স্বতন্ত্র পরিচয়ে নির্বাচনে অংশ নেওয়ার পাঁয়তারা করছে। একইভাবে জাতীয় পার্টিও 'ভারতের সহায়তায়' ভোটে অংশ নিতে চায় বলে দাবি করেন তিনি। তিনি বলেন, "ফ্যাসিস্টদের দোসরদের নির্বাচনে অংশগ্রহণ জনগণ মেনে



## একজন উপদেষ্টার ইশারায় আমাকে আটক করা হয়েছিল - সাংবাদিক সোহেল

সূর্যোদয় প্রতিবেদন

সরকারের একজন উপদেষ্টার নির্দেশে তাকে আটক করা হয়েছিল বলে অভিযোগ করেছেন দৈনিক ভোরের কাগজের অনলাইন হেড এবং অনলাইন এডিটরস অ্যালায়েন্সের সেক্রেটারি মিজানুর রহমান সোহেল। বুধবার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ অভিযোগ তুলে ধরেন। সোহেল জানান, বিনা অপরাধে প্রায় সাড়ে ১০ ঘণ্টা ডিবির হেফাজতে থাকার পর তাকে বাসায় পৌঁছে দেওয়া হয়েছে। তার ভাষায়, "গত রাত ১২টার দিকে ডিবি প্রধান কথা বলবেন–এই অজুহাতে ৫-৬ জন ডিবি সদস্য জোর করে আমাকে বাসা থেকে তুলে নিয়ে যায়। ডিবিতে নেয়ার পর আমাকে 'আসামি' হিসেবে খাতায় নাম লেখানো হয়, জুতা-বেল্ট খুলে রেখে অন্য আসামিদের সঙ্গে গারদে রাখা হয়। কিন্তু কেন আটক, সেটা ডিবির সদস্যরাই জানাতে পারেননি।" দীর্ঘ সময় পর তিনি জানতে



## মুশফিকের ইতিহাস গড়ার ১ রানের অপেক্ষা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অভিজ্ঞ উইকেটকিপার-ব্যাটার মুশফিকুর রহিম ক্যারিয়ারের ১০০তম টেস্টে সেঞ্চুরি রেকর্ড গড়ার এক ধাপ দূরে পৌঁছেছেন। দেশের প্রথম ক্রিকেটার হিসেবে ১০০তম টেস্ট খেলা মুশফিক এই ম্যাচে মাত্র ১ রান দূরে আছেন তিন অঙ্কের ম্যাজিক ফিগার স্পর্শ করতে। মঙ্গলবার মিরপুরের শেরেবাংলা জাতীয়



## সৌদির কাছে এফ-৩৫ যুদ্ধবিমান বিক্রি করবে যুক্তরাষ্ট্রঃ ট্রাম্পের ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র সৌদি আরবের কাছে উন্নতমানের এফ-৩৫ যুদ্ধবিমান বিক্রি করবে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের হোয়াইট হাউস সফরের আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। ট্রাম্প বলেন,


প্রায় ৭৫০ বছরের ঐতিহ্য মন্ডিত তাওহিদ ও শিরক, সুন্নাত ও বিদয়াতের পার্থক্যকারী বিশ্ব মুসলিম ঐক্যের প্রতীক

দরবারে ফুরফুরার

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহ্হার সিদ্দিকী আল কোরাইশী (রহ.) কর্তৃক প্রতিষ্ঠিত জমিয়তুল মুসলিমীন হিযবুল্লাহ, মেহেরপুর জেলা মারকাজের উদ্যোগে

বার্ষিক ওয়াজ মাহফিল ও ইসালে-সাওয়াব

তারিখঃ ২২ নভেম্বর'২৫ ইং রোজঃ শনিবার সময়ঃ বাদ আছর

স্থানঃ দারুর-রহমত খানকায়ে ফুরফুরা মেহেরপুর জেলা মারকাজ, রহমতপুর (দফরপুর) (মেহেরপুর-মহাজনপুর রোডে রায়পুর ও কোলা গ্রামের মাঝে)

তাশরীফ আনবেন

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহহার সিদ্দিকী আল কোরাইশী (রহঃ)-এর সুযোগ্য ছোট সাহেবজাদা

শাহ্ ফতেহ্ আলী মুহাম্মাদ আয়াতুল্লাহ্ সিদ্দিকী আল-কোরাইশী

ওয়াজ করবেন ঃ

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত মাওঃ আওয়াবুল্লাহ্ ইব্রাহিম অধ্যক্ষ, পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, রাজবাড়ী।

হযরত মাওঃ মোঃ আব্দুল খালেক মুয়াল্লিম, পাকশী ফুরফুরা দরবার

হযরত মাওঃ মোঃ আবুল কালাম চৌগাছা, যশোর

আরো ওয়াজ করবেন পীর সাহেব হুজুরের সফরসঙ্গী, স্থানীয় ওলামায়ে কেরাম ও মুবাল্লিগগণ।

পরিচালনা করবেনঃ আলহাজ্ব হযরত মাওঃ আক্কাচ আলী প্রবীণ খলিফা, ফুরফুরা শরীফ

দলমত নির্বিশেষে উক্ত মাহফিলে যোগদান করে দোজাহানের খায়ের ও বরকত লাভ করুন।

এন্তেজামেঃ মেহেরপুর জেলা মারকাজ কমিটি, রহমতপুর, মেহেরপুর।

১৫ ডিসেম্বর থেকে অত্র মাদরাসায় ভর্তি শুরু হবে

মনে রাখবেনঃ ফুরফুরা দরবার ঢাকা দারুস সালামে আগামী ৩০, ৩১ ডিসেম্বর ২০২৫ ও ১, ২ জানুয়ারী ২০২৬ ওয়াজ মাহফিল ও ইসালে সাওয়াব অনুষ্ঠিত হবে।



✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## পৃথিবীতে আঘাত হানছে সৌরঝড়

সূর্যোদয় প্রতিবেদক

এই সপ্তাহেই পৃথিবীতে আঘাত হানতে চলেছে একাধিক শক্তিশালী সৌর বা ভূ-চৌম্বকীয় ঝড়। এর ফলে উত্তর গোলার্ধের আকাশে তৈরি হবে চোখ ধাঁধানো রঙিন আলোর খেলা, যা নর্দার্ন লাইটস বা অরোরা বোরিয়ালিস নামে পরিচিত। এই ঝড়ের প্রভাবে সাময়িকভাবে কিছু যোগাযোগ ব্যবস্থাও ব্যাহত হতে পারে বলে সতর্ক করেছেন বিজ্ঞানীরা। মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় মহাসাগরীয় ও বায়ুমণ্ডলীয় প্রশাসনের পূর্বাভাস জানিয়েছেন, গত কয়েকদিনে সূর্য থেকে একাধিকঙকরোনাল মাস ইজেকশন্ন বা গ্যাস ও কণার তীব্র বিস্ফোরণ ঘটেছে। এই কণাগুলি ঘণ্টায় ১৬ লক্ষ কিলোমিটারের বেশি বেগে পৃথিবীর দিকে ধেয়ে আসছে। এর তীব্রতার জন্য পাঁচ-স্তরের স্কেলে জি৪ মাত্রার ভূ-চৌম্বকীয় ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে। যার অর্থঙগুরুতর ঝড়ু



প্রত্যাশিত। সংস্থাটির বিজ্ঞানী-রা জানিয়েছেন, প্রাথমিকভাবে তারা জি২ মাত্রার ঝড়ের পূর্বাভাস দিলেও প্রথম দুটির আঘাত প্রত্যাশার চেয়েও অনেক বেশি শক্তিশালী, অর্থাৎ


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ) আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্দিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবস্ এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## অল্প বিরতি, বড় প্রভাব

(শেষ পৃষ্টার পর)
ভালো। মাইক্রো ব্রেক শরীর ও মন সতেজ রাখে, ক্লান্তি কমায় এবং কাজের মান বজায় রাখতে সাহায্য করে। তাই বুদ্ধিমানের মতো বিরতি নিয়ে কাজ করাই কর্মজীবনের সঠিক কৌশল।

## তারেক রহমানের ছবি ব্যবহারে

(শেষ পৃষ্টার পর)
কারও ছবি রাখা যাবে না–এটি ভালো সিদ্ধান্ত। এখন খালেদা জিয়া হচ্ছেন বিএনপির প্রধান। তাই তারেক রহমান বা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি ব্যবহার করলে ইসিকে কঠোর ব্যবস্থা নিতে হবে। তখনই বোঝা যাবে এই কমিশনের সক্ষমতা কতটা।" এ সময় দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, "জোট করলেও নিজ দলের প্রতীকে ভোট করার নিয়ম বজায় রাখতে হবে। নিজের দেহ রেখে অন্যের জামা পরে যাওয়া ঠিক না। জনগণের সামনে নিজ দল নিয়ে দাঁড়ানোর এটাই সুযোগ।" তিনি আরও বলেন, প্রতিটি দলের সঙ্গে সমন্বয়ের জন্য একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দিলে নির্বাচন সংশ্লিষ্ট যোগাযোগ ও কার্যক্রম আরও স্বচ্ছ ও কার্যকর হবে। জহিরুল ইসলাম মূসা বিলবোর্ড সংক্রান্ত বিধিনিষেধের ব্যবহারিক সমস্যার কথাও তুলে ধরেন। তিনি বলেন, "কাপড়ের বিলবোর্ড প্র?্যাকটিক্যাল না। ৫০ লাখ টাকার ব্যয়সীমায় একটা বড় বিলবোর্ড করতেই লাগে ২০ লাখ টাকা। এতে ন্যায্য প্রতিযোগিতা বাধাগ্রস্ত হবে। পাশাপাশি শব্দ নিয়ন্ত্রণে ৬০ ডেসিবলের নিয়ম মানার মতো যন্ত্রপাতি আদৌ আছে কি না, সেটাও প্রশ্ন।" তিনি বলেন, নির্বাচন ঘনিয়ে এলে অস্ত্রের ঝনঝনানির মধ্যে প্রার্থীদের নিরাপত্তা নিশ্চিত করাই বড় চ্যালেঞ্জ। "আইন আছে, কিন্তু বাস্তবায়নের সদিচ্ছা আর সক্ষমতা কম। তরুণ প্রার্থীদের মানুষের কাছে যাওয়ার সুযোগ তৈরি করতে হবে। পাশাপাশি আগের মন্ত্রীএমপিদের সঙ্গে খোলামেলা বিতর্ক আয়োজন করতে হবে, এমনকি যাঁরা কালো টাকা বা পেশিশক্তি দিয়ে নির্বাচন প্রভাবিত করতে চায় তাদেরও।" সংলাপে এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা নির্বাচনে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) অপব্যবহার ঠেকাতে মেটা ও টিকটকের সঙ্গে সমন্বয় জোরদারের প্রস্তাব দেন।
প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংলাপে কমিশনাররা, ইসির ঊর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেন।

## বিদেশিদের দিয়ে বন্দর পরিচালনা

(শেষ পৃষ্টার পর)
পানগাঁও টার্মিনালে বিদেশি অপারেটরদের অন্তর্ভুক্তি বাংলাদেশের বন্দর প্রযুক্তি, কার্যক্ষমতা ও প্রতিযোগিতা বাড়াবে এবং দীর্ঘমেয়াদে দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সুবিধা নিশ্চিত করবে।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

(শেষ পৃষ্টার পর)
শেষে সাংবাদিকদের ব্রিফ করেন তিনি। উপদেষ্টা বলেন, "বিজয় দিবস উপলক্ষে কোনো শঙ্কা নেই। ঝযবরশয ঐধংরহধ-র রায়কে ঘিরেও কোনো অস্থিরতা সৃষ্টি হয়নি। বিজয় দিবসের কর্মসূচিতে অস্থিরতার কোনো সম্ভাবনাই নেই।" তিনি জানান, এ বছর বিজয় দিবসের কর্মসূচিতে কোনো পরিবর্তন আনা হয়নি। আগের ধারাবাহিকতায়ই সব কর্মসূচি অনুষ্ঠিত হবে, বরং আয়োজন আরও সমৃদ্ধ হবে। তবে গতবারের মতো এবারও প্যারেড অনুষ্ঠিত হবে না বলে তিনি নিশ্চিত করেন। গতকাল রাতে গ্রেপ্তারি পরোয়ানা ছাড়া ডিবি পরিচয়ে এক সাংবাদিককে তুলে নিয়ে পরে ছেড়ে দেওয়ার ঘটনায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে উপদেষ্টা বলেন, "এ বিষয়ে আমি প্রথম শুনলাম। অনুসন্ধান করার পর বিস্তারিত জানা যাবে। বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হবে।" ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. খোদা বখস চৌধুরী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি প্রমুখ।

## পৃথিবীতে আঘাত হানছে সৌরঝড়

(শেষ পৃষ্টার পর)
জি৪ মাত্রার ছিল। সৌরঝড় কী এবং কেন হয়? সৌরঝড় মূলত দুই ভাবে পৃথিবীতে ভূ-চৌম্বকীয় ঝড় সৃষ্টি করে। একটি হলো করোনাল মাস ইজেকশন, এতে সূর্য থেকে বিপুল পরিমাণ গ্যাস ও কণার বিস্ফোরণ ঘটে। এটি পৃথিবীতে পৌঁছাতে ১৫ ঘণ্টা থেকে কয়েক দিন সময় নিতে পারে। অন্যটি হলো সৌর ফ্লেয়ার্স, এতে তীব্র তড়িৎ-চুম্বকীয় বিকিরণ ঘটে। এটি আলোর গতিতে মাত্র আট মিনিটের মধ্যে পৃথিবীতে এসে পৌঁছায়। সূর্যের চৌম্বক ক্ষেত্রগুলো পুনর্বিন্যাস হওয়ার ফলেই এই উভয় ধরনের ঘটনা ঘটে। এই সৌরঝড়গুলো যখন পৃথিবীর চৌম্বক ক্ষেত্রে আঘাত করে, তখন উচ্চ চার্জযুক্ত কণাগুলি পৃথিবীর বায়ুমণ্ডলের গ্যাসগুলির সাথে সংঘর্ষ ঘটায়। এই সংঘর্ষের ফলেই গ্যাসগুলি সবুজ, গোলাপি বা নীল রঙে জ্বলে ওঠে, যাকে আমরা মেরুজ্যোতি বা অরোরা বলে থাকি। পৃথিবীর চৌম্বক ক্ষেত্র শক্তিশালী হওয়ায় এই আলোর প্রদর্শনী সাধারণত মেরু অঞ্চলের কাছাকাছি দেখা যায়। সূর্যের বর্তমানে চলমান ১১ বছরের কার্যকলাপ চক্রের সর্বোচ্চ পর্যায়ে থাকার কারণেই এই ধরনের আলো এখন আরও বেশি দেখা যাচ্ছে। কোথায় দেখা যাচ্ছে নর্দার্ন লাইটস? এই শক্তিশালী ঝড়ের কারণে মেরু অঞ্চলের বাইরেও অনেক জায়গায় নর্দার্ন লাইটস দেখা যাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। যুক্তরাষ্ট্রের ইলিনয় (শিকাগো), কলোরাডো, ম্যাসাচুসেটস (বোস্টন), ওয়াশিংটন (সিয়াটেল), ক্যালিফোর্নিয়া (সান ফ্রান্সিসকো, লস অ্যাঞ্জেলেস), টেক্সাস (ডালাস), জর্জিয়া (আটলান্টা), নিউ ইয়র্ক এবং আইওয়ার মতো দূরবর্তী রাজ্যগুলিতে ইতিমধ্যেই বা শীঘ্রই এই আলোর ঝলকানি দেখা যেতে পারে। এছাড়া কানাডার মন্ট্রিয়াল, এডমন্টন ও ভ্যাঙ্কুভার, আয়ারল্যান্ডের কর্ক ও ক্যারলো এবং যুক্তরাজ্যের উত্তরাংশেও অরোরা দেখা যাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। এই দৃশ্য ভালো করে উপভোগ করার জন্য বিশেষজ্ঞদের পরামর্শ হলো, রাতের বেলা উজ্জ্বল কৃত্রিম আলো থেকে দূরে থাকতে হবে। মানুষের স্বাস্থ্যের ওপর এই ঝড়ের কোনো সরাসরি ক্ষতিকর প্রভাব না পড়লেও এটি জিপিএস ন্যাভিগেশন, রেডিও যোগাযোগ, বিমান চলাচল নিয়ন্ত্রণ এবং মহাকাশের স্যাটেলাইটসহ যোগাযোগ ব্যবস্থায় সাময়িক বিঘ্ন ঘটাতে পারে। এমনকি বিদ্যুৎ গ্রিডও সাময়িকভাবে প্রভাবিত হতে পারে বলে সতর্কতা জারি করা হয়েছে।

## হারিয়েছে

আমার এসএসসি পরীক্ষার মূল নম্বর পত্র, যার রোল নং ১৩২৩৭১, রেজিস্ট্রেশন নং ২০১৩৬২১৩৪৯,শিক্ষাবর্ষ ২০২১-২০২২, পাশের বর্ষ ২০২৩, কেন্দ্র মেহেরপুর, যশোর শিক্ষা বোর্ড, হারিয়েছে। মেহেরপুর সদর থানায় জিডি হয়েছে যার নং ৮৬৮, তারিখ ১৭/১১/২০২৫
কায়েস আহমেদ।

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

## সৌদির কাছে এফ-৩৫ যুদ্ধবিমান

"তারা আমাদের ঘনিষ্ঠ মিত্র। তাই তাদের কাছে এফ-৩৫ জেট বিক্রি করব।" সাত বছর আগে সাংবাদিক জামাল খাসোগি হত্যাকাণ্ডের পর এটিই যুবরাজ মোহাম্মদের প্রথম যুক্তরাষ্ট্র সফর। ২০১৮ সালে ইস্তাম্বুলে সৌদি কনস্যুলেটে ওয়াশিংটন পোস্টের সাংবাদিক খাসোগিকে হত্যা করা হয়। মার্কিন গোয়েন্দা সংস্থাগুলো তাদের প্রতিবেদনে উল্লেখ করেছিল যে হত্যাকাণ্ডের অনুমোদনে যুবরাজ মোহাম্মদের সম্পৃক্ততা ছিল। যদিও তিনি তা অস্বীকার করেছেন। সোমবার স্থানীয় সময় হোয়াইট হাউসে যুবরাজের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকরা খাসোগি ইস্যু নিয়ে প্রশ্ন করলে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানান ট্রাম্প। তিনি বলেন, "খাসোগি অত্যন্ত বিতর্কিত ছিলেন। এখন মোহাম্মদকে বিব্রত করতেই এমন প্রশ্ন করা হচ্ছে।" বিবিসি জানায়, গত মে মাসেও রিয়াদে দুই নেতার মধ্যে বৈঠক হয়। তখন যুক্তরাষ্ট্র ও সৌদি আরবের মধ্যে প্রায় ১৪২ বিলিয়ন ডলারের অস্ত্র বিক্রির চুক্তি সম্পন্ন হয়–যা হোয়াইট হাউস 'ইতিহাসের সবচেয়ে বড় প্রতিরক্ষা চুক্তি' বলে উল্লেখ করেছিল। এটি ছিল দুই দেশের মধ্যে মোট ৬০০ বিলিয়ন ডলারের বিনিয়োগ চুক্তির অংশ। যুক্তরাষ্ট্রের অন্যতম বড় অস্ত্রক্রেতা সৌদি আরব। বিশ্বের সবচেয়ে উন্নত যুদ্ধবিমান হিসেবে পরিচিত এফ-৩৫ এর স্টেলথ প্রযুক্তি অত্যন্ত সংবেদনশীল। কয়েকজন মার্কিন প্রতিরক্ষা কর্মকর্তা জানিয়েছেন, সৌদি আরব এই প্রযুক্তির অ্যাক্সেস পেলে তা ভবিষ্যতে চীনের সঙ্গে ভাগ করে নেওয়ার ঝুঁকি তৈরি হতে পারে। উদ্বেগ জানিয়েছে যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্র ইসরায়েলও। দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, সৌদির কাছে এফ-৩৫ বিক্রি হলে মধ্যপ্রাচ্যে ইসরায়েলের সামরিক শ্রেষ্ঠত্ব ক্ষতিগ্রস্ত হতে পারে। বর্তমানে ইসরায়েলও এফ-৩৫ জেট ব্যবহার করছে। প্রধান নির্মাতা প্রতিষ্ঠান লকহিড মার্টিনের হিসেবে একটি এফ-৩৫ যুদ্ধবিমানের গড় মূল্য প্রায় ৮২.৫ মিলিয়ন ডলার।

## মুশফিকের ইতিহাস গড়ার ১ রানের

(শেষ পৃষ্টার পর)
ক্রিকেট স্টেডিয়ামে আয়ারল্যান্ডের বিপক্ষে প্রথম দিনের খেলা শেষ হওয়ার পর মুশফিক ১৮৭ বলে ৫টি বাউন্ডারির সাহায্যে ৯৯ রান করে অপরাজিত ছিলেন। একই সঙ্গে অপরাজিত ৪৭ রানে আছেন লিটন কুমার দাস। টস জিতে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশ শুরু থেকে ভালো ধরাবাঁধা খেলায় নিয়েছে। ওপেনাররা আক্রমণাত্মক শুরু করলেও ইনিংস বড় করতে পারেননি। আইরিশ বোলার ম্যাকব্রাইনের বলে ৩৫ রানে সাজঘরে ফেরেন সাদমান। ৩৪ রান করে ফিরেছেন মাহমুদুল হাসান জয়। অধিনায়ক শান্তও মাত্র ৮ রানে আউট হন। সাবেক অধিনায়ক মুমিনুল হক ১২৮ বলে ১ বাউন্ডারিতে ৬৩ রান করেন। বাংলাদেশের সংগ্রহ প্রথম দিনে ৪ উইকেটে ২৯২ রান। মুশফিক আর মাত্র ১ রান করলে আন্তর্জাতিক টেস্টে ১৩তম সেঞ্চুরি পূর্ণ করবেন। এর সঙ্গে তার আন্তর্জাতিক সেঞ্চুরি সংখ্যা হবে ২২–ওয়ানডেতে ৯টি এবং টেস্টে ১৩টি। সংক্ষিপ্ত স্কোর: বাংলাদেশ-২৯২/৪ (৯০ ওভার); মুশফিক ৯৯*, মুমিনুল ৬৩, লিটন ৪৭*, সাদমান ৩৫, জয় ৩৪, শান্ত ৮; আয়ারল্যান্ডের ম্যাকব্রাইন ৪-৮২। মুশফিকের ঐতিহাসিক সেঞ্চুরির জন্য ক্রিকেটপ্রেমীরা বৃহস্পতিবারের খেলার দিকে অধীর আগ্রহে।

## সাংবাদিক সোহেল

(শেষ পৃষ্টার পর)
পারেন, মাত্র ৯ জন মোবাইল ফোন ব্যবসায়ীর একচ্ছত্র আধিপত্য তৈরির পরিকল্পনার বিরোধিতা করায় তাকে তুলে আনা হয়। তিনি লিখেছেন, "নাইট এনফোর্সমেন্টে একজন উপদেষ্টার ইশারায় আমাকে আটক করা হয়। একই কারণে আমাদের সংগঠনের সেক্রেটারি আবু সাঈদ পিয়াসকেও গ্রেপ্তার করা হয়েছে। তিনি এখনো ডিবি কার্যালয়ে।" বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) ন্যাশনাল ইক্যুইপমেন্ট আইডেন্টিফিকেশন রেজিস্টার (এনইআইআর) নিয়ে মোবাইল হ্যান্ডসেট ব্যবসায়ীদের সংগঠন এমবিসিবির সংবাদ সম্মেলন হওয়ার কথা ছিল। সোহেল দাবি করেন, "আমি ওই অনুষ্ঠানের মিডিয়া পরামর্শক ছিলাম। প্রেস কনফারেন্স বন্ধ করাই ছিল তাদের মূল উদ্দেশ্য। কিন্তু তারা বাধা দিলেও বিষয়টি এখন দেশের সবাই জেনে গেছে।" সোহেল তার পোস্টে আরও লেখেন, "এনইআইআর দেশের মুক্তবাণিজ্য নীতির পরিপন্থী। প্রতিযোগিতা কমিশন থাকা সত্ত্বেও ৯ জন ব্যবসায়ীকে সুবিধা দিতে ২৫ হাজার মোবাইল ব্যবসায়ীকে পথে বসানোর চক্রান্ত চলছে। এর ফলে সাধারণ মানুষ, গ্রামাঞ্চলের ক্রেতা এবং প্রবাসীরাও বিপদে পড়বেন।" তার দাবি, ওই ৯ জনের একজন হচ্ছেন সংশ্লিষ্ট উপদেষ্টার স্কুলবন্ধু। ডিবি কর্তৃক আটক প্রসঙ্গে সোহেল লেখেন, "একটা ব্যবসায়ী সিন্ডিকেটের বিরুদ্ধে কথা বললে সরকার কেন ভয় পায়? কেবল প্রেস কনফারেন্স বন্ধ করতেই কি আমাকে গভীর রাতে তুলে নিতে হলো? যারা মুখে বাকস্বাধীনতার কথা বলেন, তারাই কি আমাকে বাকরুদ্ধ করতে উদ্যোগ নিলেন?" তিনি আরও জানান, বিষয়টি জানাজানি হতেই অসংখ্য সহকর্মী, বন্ধু, শুভাকাঙ্ক্ষী উদ্বেগ ও সমর্থন জানিয়েছেন। "তাদের আওয়াজের কারণেই দ্রুত মুক্তি পেয়েছি,"–বলেন সোহেল।

## জাপাকে সুযোগ দিলে নির্বাচন

(শেষ পৃষ্টার পর)
নেবে না। প্রয়োজনে নির্বাচন কমিশনকে পদত্যাগে বাধ্য করা হবে।" "হাসিনাকে ফেরত না দিলে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন" গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক আরও বলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত ফেরত না দিলে বাংলাদেশের পক্ষ থেকে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিতেই হবে। তিনি অভিযোগ করেন, ভারতের উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে আবারও 'হাসিনা বা লেন্দুপ দর্জীর মতো তাবেদার শাসক' প্রতিষ্ঠা করা–যা জনগণ প্রতিহত করবে। তিনি বলেন, "বাংলাদেশের জনগণ আর কোনোদিন ভারতের তাঁবেদারি সরকার মেনে নেবে না।" রাশেদ খান বলেন, ভবিষ্যতে ভারতের সঙ্গে সমতা এবং আত্মমর্যাদা ভিত্তিক কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলাই তাদের অবস্থান। তার অভিযোগ, আগামী নির্বাচন বানচালের উদ্দেশ্যে ভারত আওয়ামী লীগের ডামি প্রার্থীদের স্বতন্ত্র সাজিয়ে ভোটের মাঠে নামাতে চায়। গণঅধিকার পরিষদ এই 'ষড়যন্ত্র' সফল হতে দেবে না বলে তিনি উল্লেখ করেন। এর আগে বিকেল সাড়ে ৪টায় তিনি বাজারগোপালপুর এলাকায় গণসংযোগে অংশ নেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা গণঅধিকার পরিষদের সভাপতি প্রভাষক মো. সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল রাজন, ছাত্র অধিকার পরিষদের সভাপতি রিহান হোসেন রায়হান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুনসহ অন্যান্য নেতাকর্মীরা।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

## ফখরুল

(শেষ পৃষ্টার পর)
বিষয় হলো প্রতিষ্ঠানগুলো কতটা স্বাধীন এবং কার্যকর।" বিএনপি মহাসচিব অভিযোগ করেন, দেশে ভিন্নমত দমনে সহিংস প্রবণতা বাড়ানো হচ্ছে, যা গণতন্ত্রের জন্য হুমকি। তিনি বলেন, "সম্প্রতি মানবতাবিরোধী অপরাধে আদালতের রায়ের গুরুত্ব কমিয়ে দিতে একটি মহল সচেতনভাবে মব ভায়োলেন্স উসকে দিয়েছে কি না–সেটাও খতিয়ে দেখা জরুরি।" নিজেদের অবস্থান স্পষ্ট করে ফখরুল বলেন, বিএনপি কখনোই বিপ্লবী দল নয়, বরং একটি লিবারেল ডেমোক্রেটিক পার্টি। "উই আর লিবারেল ডেমোক্রেটস। আমরা সবার মতপথবিশ্বাসকে সঙ্গে নিয়েই একটি রেইনবো স্টেট গড়তে চাই। এখানে ভুল বোঝার কোনো সুযোগ নেই।" তিনি বিএনপির প্রতিষ্ঠাতা নেত্রী খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের রাজনৈতিক সহনশীলতা, ত্যাগ ও গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামের কথা উল্লেখ করেন। "অত্যাচার- নির্যাতনের মধ্যেও তারা গণতন্ত্রের কথাই বলেছেন। আমাদের ভবিষ্যৎ পথনির্দেশনা এখানেই।" আসন্ন নির্বাচনের প্রেক্ষাপটে তিনি বলেন, গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে বিএনপির ওপর দায়িত্ব আরও বেশি। এজন্য গণতন্ত্রপন্থী সব শক্তিকে একত্রিত করে নতুন মোর্চা গড়ে তোলার আহ্বান জানান তিনি। সভায় সভাপতিত্ব করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান। অন্যদের মধ্যে বক্তব্য দেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান, যুগ্ম মহাসচিব শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, ন্যাশনাল পিপলস পার্টির চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ।

## কুমারখালী পৌরসভায় গাড়িচালকের

(শেষ পৃষ্টার পর)
তাকে কক্ষে তালাবদ্ধ অবস্থায় অচেতন পাওয়া যায়। হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। হাসপাতালে শহিদুলের মুখে আঘাতের চিহ্ন দেখা গেছে। অভিযোগ অস্বীকার করে হিসাবরক্ষক রফিকুল ইসলাম বলেন, কোনো মারামারি হয়নি। শহিদুল হৃদরোগে আক্রান্ত হয়ে পড়েছেন। কুমারখালী থানার ওসি বলেন, মরদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। প্রতিবেদনেই প্রকৃত তথ্য জানা যাবে। উত্তেজিত জনতা সার্ভেয়ারের বাড়ি ভাঙচুরে চেষ্টা করলে পুলিশ তা ঠেকিয়েছে। উপজেলা এসিল্যান্ড জানান, বকেয়া বেতন নিয়ে বাগবিতণ্ডার জেরে এ ঘটনা ঘটেছে। ময়নাতদন্তের রিপোর্টের ওপরই পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী),
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি .
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
✓ প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . ✓ প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
✓ সার্জারি ও সাধারণ চিকিৎসা ✓ উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

সাদিক E-বাইক গ্যালারী
মনা জুয়েলার্স এর অঙ্গ প্রতিষ্ঠান

এখানে চার্জার বাইক, বাচ্চাদের চার্জার গাড়ি সহ সকল প্রকার চার্জার বাইকের এক্সেরিজ পাওয়া যায়।
01404-297165
প্রধান সড়ক, কাঁশারী বাজার, মেহেরপুর

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

# কী আছে দর্শক মুগ্ধ করা 'দেলুপি' সিনেমায়

বিনোদন ডেস্ক

তরুণ নির্মাতা মোহাম্মদ তাওকীর ইসলামের প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'দেলুপি' খুলনায় মুক্তি পেয়েছে ৭ নভেম্বর। মুক্তির দ্বিতীয় সপ্তাহে ছবিটি রাজধানীর সিনেপ্লেক্সেসহ বেশ কয়েকটি প্রেক্ষাগৃহে মুক্তি পায়। সরেজমিনে গিয়ে দেখা গেল গতকাল (১৮ নভেম্বর) মঙ্গলবার নারায়ণগঞ্জের সিনেস্কোপের রাতে শো হাউজ ফুল গেছে ছবিটি। শো শেষে সাব্বির নামে একজন দর্শকের সঙ্গে জাগো নিউজের কথা হয়। সিনেমাটি নিয়ে তার ভাষ্য, 'আমার কাছে 'দেলুপি' কাছে শুধু একটা সিনেমা নয়; এটা একটা অভিজ্ঞতা।' তিনি বলেন, 'শুরু থেকে শেষ পর্যন্ত কোথাও মনে হয়নি যে একটা সিনেমা দেখছি। বরং মনে হয়েছে একদম নিজের আশেপাশেই সবকিছু ঘটছে। গল্প, অভিনয়, সংলাপ, পরিবেশ- প্রতিটা অংশ এতটাই প্রাণবন্ত ছিল। চোখ সরানোর সুযোগই পাইনি। সিনেমাটার সবচেয়ে ভালো দিক হলো এর স্বাভাবিকতা। কোনো বাড়াবাড়ি নেই, কোনো কৃত্রিমতা নেই। সবকিছুই যেন খুব বাস্তব, খুব কাছের। একটা সময় পরে আমি নিজেই বুঝতে পারছিলাম না যে এটা সিনেমা, নাকি আমার সামনেই সবকিছু ঘটছে! হাসি, আবেগ, মজা, টুইস্ট-সবকিছু এমনভাবে এসেছে যে মনটাই ভরে গেছে।' ৩৫ আসন বিশিষ্ট আধুনিক প্রেক্ষাগৃহ 'সিনেস্কোপ'। কোথাও যেনো কমতি নেই 'দেলুপি'র প্রচারণায়। পাঁচজনের একটা গ্রুপ দেখতে এসেছে সিনেমাটি। তাদের একজনের সঙ্গে কথা হয় জাগো নিউজের। তিনি বলেন, 'সিনেমাটা প্রথমে যখন দেখতে শুরু করি মনে হচ্ছিলো কোনো 'আর্ট ফিল্ম'।



রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ — এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী), কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস — সহকারী অধ্যাপক, এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস), সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ। বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন — এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), কক্লোয়ার ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিওএ (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা।
ডাঃ মোঃ রোকনুজ্জামান — এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী), সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন — এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিপ সার্জন। মাসের প্রথম সোমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা — এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী), প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম — এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়ালের জন্য: ০১৮৫৮-৯৫৬৯৩৩
আপনার স্বাস্থ্যসেবায় অভিজ্ঞ চিকিৎসকবৃন্দ
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস,গ্যাস্টলিভার, বাতব্যাথা ও মনোরোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), ফসিপিএস পার্ট–১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম)।
রুগী দেখেন: প্রতি শুক্রবার সকাল ৯ টা- সন্ধ্যা ৬ টা
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (ঢাকা), সিসিড (বারডেম), সিএমইউ (আল্ট্রা)।
রোগী দেখেন: প্রতিদিন সকাল ১০টা–২টা বিকাল ৩টা–৮টা
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ বিশেষজ্ঞ,এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত, মাথাব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ ও বাতব্যাথা রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ২০ নভেম্বর ২০২৫ ইং

## মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়ন নির্বাচনঃ আস্থার ভোটে পুরোনো নেতৃত্বের পুনরাবির্ভাব

মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়া নিঃসন্দেহে শ্রমিক সংগঠনগুলোর গণতান্ত্রিক চর্চার ইতিবাচক দৃষ্টান্ত। সকাল থেকে বিকেল পর্যন্ত বিরতিহীন ভোটগ্রহণ, দীর্ঘ লাইন, ভোটারদের আগ্রহ–সব মিলিয়ে নির্বাচন ছিল প্রাণবন্ত। ২ হাজার ৯৯৮ ভোটারের মধ্যে ২ হাজার ৪৯৮ জনের ভোটদানই প্রমাণ করে শ্রমিকরা তাদের সংগঠনের প্রতি কতটা সচেতন ও প্রত্যয়ী। ফলাফল ঘোষণার পর পরিষ্কার হয়েছে–শ্রমিকরা আবারো আস্থা রেখেছেন পুরোনো নেতৃত্বের ওপর। সভাপতি পদে আহসান হাবীব সোনার বিপুল ভোটে জয় কিংবা সাধারণ সম্পাদক মতিয়ার রহমানের অল্প ব্যবধানে পুনর্নির্বাচিত হওয়া–উভয়ই সংগঠনের ধারাবাহিকতা ও স্থিতিশীলতার পক্ষে বড় বার্তা বহন করে। প্রতিটি পদের লড়াই ছিল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ, কোথাও ছিল না উত্তেজনা বা বিশৃঙ্খলা–যা শ্রমিক রাজনীতিতে বিরল হলেও অত্যন্ত প্রশংসনীয়। এ নির্বাচনে ১৫টি পদের জন্য ৩৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। অনেক জায়গায় ছিল হাড্ডাহাড্ডি লড়াই, কিছু পদে ছিল বিস্ময়, আবার কিছু পদে স্পষ্ট জনপ্রিয়তার প্রতিফলন। বিশেষ করে যুগ্ম সম্পাদক এরশাদ আলী সর্বোচ্চ ভোটে বিজয়ী হয়ে শ্রমিক মহলে নতুন আলোচনার জন্ম দিয়েছেন। অন্যদিকে লাইন সম্পাদক পদে মাত্র ৭ ভোটের ব্যবধান প্রমাণ করেছে–প্রতিটি ভোটই কতটা মূল্যবান। শ্রমিক ইউনিয়নের নির্বাচন শুধু নেতৃত্ব বাছাইয়ের বিষয় নয়, পরিবহনখাতের শৃঙ্খলা, শ্রমিক কল্যাণ ও সার্বিক ব্যবস্থাপনার ওপর এর প্রত্যক্ষ প্রভাব রয়েছে। নেতৃত্ব সৎ, যোগ্য ও দায়িত্বশীল হলে সংগঠন যেমন শক্তিশালী হয়, তেমনি পরিবহন সেবার মানও উন্নত হয়। তাই এবারের নির্বাচনে শ্রমিকদের অংশগ্রহণ ও দায়িত্বশীল আচরণ বাকি এলাকার জন্যও ইতিবাচক বার্তা। নির্বাচন ঘিরে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটায় প্রশাসন, নির্বাচন পরিচালনা কমিটি ও সংশ্লিষ্টদের ভূয়সী প্রশংসা প্রাপ্য। একইসঙ্গে নবনির্বাচিত নেতৃবৃন্দের প্রতি শ্রমিকদের প্রত্যাশা–তারা যেন সংগঠনের উন্নয়ন, শ্রমিক কল্যাণ এবং সড়ক পরিবহন ব্যবস্থার শৃঙ্খলা রক্ষায় অঙ্গীকারবদ্ধ থাকেন। মেহেরপুরের শান্তিপূর্ণ ও সফল এই নির্বাচন প্রমাণ করেছে–গণতান্ত্রিক প্রক্রিয়া সঠিকভাবে পরিচালিত হলে শ্রমিক সংগঠনে স্থিতি, নেতৃত্বে স্বচ্ছতা ও উন্নয়ন–সবই সম্ভব।

## মেহেরপুরে জেলা জামায়াতের বিশাল

(প্রথম পৃষ্টার পর)

বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা। শোভাযাত্রাটি সদর উপজেলা শহর প্রদক্ষিণ করে ঐতিহাসিক মুজিবনগর চত্বর ঘুরে মেহেরপুর ড. শামসুজ্জোহা পার্কে এসে শেষ হয়। পথজুড়ে কর্মী-সমর্থকদের উচ্ছ্বাসে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। শেষ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান শোভাযাত্রায় অংশগ্রহণকারী সাধারণ মানুষ ও নেতাকর্মীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, "আগামী জাতীয় নির্বাচনে বিজয় নিশ্চিত করতে সবাইকে এখন থেকেই প্রস্তুত থাকতে হবে।"

## মেহেরপুরে সরকারি প্রাথমিক

(প্রথম পৃষ্টার পর)

অবকাঠামোগত উন্নয়ন ও শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির কর্মসূচি চলমান রয়েছে। সচেতন মহল মনে করেন, কেবল প্রশাসনিক উদ্যোগ যথেষ্ট নয়। অভিভাবক, শিক্ষক ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বিত প্রচেষ্টা ছাড়া শিক্ষার পরিবেশ উন্নত করা সম্ভব নয়। দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক শূন্য থাকা, সহকারী শিক্ষকদের ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন ও এক শিক্ষককে একাধিক শ্রেণি নেওয়াই মেহেরপুরের প্রাথমিক শিক্ষার মান পতনের প্রধান কারণ। তাদের দাবি, প্রাথমিক শিক্ষার ভিত্তি দুর্বল হলে জেলার ভবিষ্যৎ প্রজন্ম ক্ষতিগ্রস্ত হবে।

## ঝিনাইদহে সনদ জালিয়াতি

(প্রথম পৃষ্টার পর)

নাসরীন আক্তার, যিনি ২০২৪ সালের ১৪ নভেম্বর রনি আক্তারের বিরুদ্ধে শিক্ষক নিবন্ধন ও বিএড সনদ জালিয়াতি করে চাকরি নেয়ার অভিযোগে সদর থানায় মামলা দায়ের করেছিলেন। ঝিনাইদহ কোর্ট পুলিশের পরিদর্শক মো. মোক্তার হোসেন জানান, আদালত রনি আক্তারকে দুটি ধারায় দোষী সাব্যস্ত করে সাত বছরের সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করেছেন। অনাদায়ে প্রতিটি ধারায় ৩ মাসের জন্য বিনাশ্রম কারাদণ্ড কার্যকর হবে। আদালত রায় ঘোষণার সময় আসামি এজলাসে উপস্থিত ছিলেন। আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো. তারিকুল আলম রায় বলেন, মামলার রায় ঘোষণায় তারা দ্রুততার দাবি করলেও, এ ব্যাপারে উচ্চ আদালতে আপিল করা হবে।

## বীর মুক্তিযোদ্ধা শামসুল হককে পূর্ণ

(প্রথম পৃষ্টার পর)

করে। ইউএনও খায়রুল ইসলাম রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন। এ সময় বিহঙ্গের করুন সুরে পরিবেশ শোকময় হয়ে ওঠে। এসময় উপস্থিত ছিলেন সদর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আমিনুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদারসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ। রাষ্ট্রীয় সম্মাননা শেষে মরহুমকে গ্রাম্য কবরস্থানে দাফন করা হয়।এর আগে মঙ্গলবার দিবাগত রাতে বার্ধক্যজনিত কারণে নিজ বাড়িতে তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর। তিনি স্ত্রী, দুই পুত্র, এক কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## মেহেরপুরে বসতবাড়িতে চুরিঃ স্বর্ণ-

(প্রথম পৃষ্টার পর)

তার ছোট মেয়ে ও জামাই বাড়িতে গিয়ে দেখেন দক্ষিণ দিকের ছোট গেটের তালা ভাঙা এবং ঘরের আলমারি ভাঙা অবস্থায় পড়ে আছে। চোরেরা আলমারি থেকে ৫ ভরি স্বর্ণালঙ্কার এবং নগদ ১ লাখ টাকা নিয়ে গেছে। বাজারমূল্য অনুযায়ী চুরি হওয়া স্বর্ণের দাম প্রায় ১০ লাখ টাকা।মেহেরপুর সদর থানায় বেগম দিলরুবা বেলী অজ্ঞাত ব্যক্তিদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। পুলিশ ঘটনাটির তদন্ত শুরু করেছে বলে জানিয়েছে মেহেরপুর সদর থানার ওসি।

## আমঝুপি বালিকা বিদ্যালয়ে ইউএনও

(প্রথম পৃষ্টার পর)

পরিচ্ছন্নতা, খেলাধুলা ও সাঁতার প্রশিক্ষণ কার্যক্রম আরও শক্তিশালী করার নির্দেশনা দেন। পাশাপাশি পিছিয়ে পড়া শিক্ষার্থীদের খোঁজখবর রাখা এবং অভিভাবকদের সম্পৃক্ত করতে মা-সমাবেশের ওপর গুরুত্ব আরোপ করেন তিনি। এ সময় বিদ্যালয়ের ফুটবল টিমকে একটি ফুটবল উপহার দেন ইউএনও মো. খায়রুল ইসলাম। এর আগে বিদ্যালয় প্রাঙ্গণে পৌঁছালে প্রধান শিক্ষক সুলতানা পারভীন তাকে স্বাগত জানান। তার নেতৃত্বে শিক্ষকরা পরিদর্শন কর্মসূচিতে অংশ নেন।

## দর্শনায় বিএনপি কর্মীর ট্রাকে

(প্রথম পৃষ্টার পর)

ট্রাকের মালিক ও বিএনপির কর্মী জাহিদ মিয়া জানান, মঙ্গলবার (১৮ নভেম্বর) সন্ধ্যায় তার চালক আব্দুল হাকিম ট্রাকটি আড়তের সামনে রেখে বাড়ি যান। গভীর রাতে অজ্ঞাত দুর্বৃত্তরা ট্রাকটিতে আগুন ধরিয়ে দেয়। দর্শনা থানার ওসি (তদন্ত) সুলতান মাহমুদ বলেন, ঘটনাটি তদন্তের মাধ্যমে সত্যতা পাওয়া গেছে। ট্রাক মালিক জাহিদ মিয়া বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছেন। দুষ্কৃতিকারীদের গ্রেপ্তারে পুলিশ অভিযান চালাচ্ছে। তিনি আরও বলেন, দ্রুতই অভিযুক্তদের আইনের আওতায় আনা হবে।

## বিটিভির 'নতুন কুঁড়ি ২০২৫'-এ সেরা

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা হাফিজুর রহমান ও গৃহিণী

## বিশ্ববাজারে সুযোগঃ সুগন্ধি চাল রপ্তানিতে নতুন সময়সীমা বাংলাদেশে"

রাবেয়া বসরী অন্তরা



বাংলাদেশ সরকার ২০২৫ সালে সুগন্ধি চাল রপ্তানির ক্ষেত্রে নতুন সুযোগ তৈরি করেছে এবং অনুমোদিত শিপমেন্টের সময়সীমা বৃদ্ধি করেছে। দেশের কৃষি উৎপাদন ও বৈদেশিক বাণিজ্য ক্ষেত্রে সরকারের নেয়া এই পদক্ষেপ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কৃষক, মিল মালিক ও রপ্তানিকারকেরা বড় বাজারে এখন আরও তাদের পণ্য পৌঁছে দেয়ার সুযোগ পাচ্ছেন। বাণিজ্য মন্ত্রণালয় বছর শুরুতে প্রাথমিক ভাবে একাধিক কোম্পানিকে সুগন্ধি চাল রপ্তানির অনুমোদন দেয়। রপ্তানি শিপমেন্ট সম্পন্ন করার জন্য নিদ্রিষ্ট সময়সীমা নির্ধারণ করা হয়েছে। আরও কিছু কোম্পানিকে অতিরিক্ত রপ্তানির সুযোগ দেয়া হয়। সরকার প্রতি কেজি সুগন্ধি চালের সর্বনিম্ন রপ্তানি মূল্যও নির্ধারণ করেছে, যা দেশের কৃষকদের ন্যায্য মুনাফা নিশ্চিত করতে সহায়ক। বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট (বি আর আর আই) এর তথ্য অনুযায়ী, সুগন্ধি চালের উৎপাদন গত কয়েক বছরে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। অর্থবছর ২০১৭-২০১৮ এ উৎপাদন প্রায় ৫, ৫৭০০০ টন ছিলো, যা ২০২৩-২৪ সালে প্রায় ১০,২৩,০০০ টনে বেড়ে দাঁড়িয়েছে। আধুনিক চাষাবাদ প্রযুক্তি, উন্নত জাতের বীজ এবং সঠিক সেচ ব্যবস্থার মাধ্যমে মূলত এই বৃদ্ধি সম্ভব হয়েছে। সুগন্ধি চাল রপ্তানিতে আর্দ্রতা, শুকানোর পদ্ধতি, সংরক্ষণ এবং মিলিং স্ট্যান্ডার্ড এর মান আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী নির্ধারণ করতে হয়। অনুমোদিত কোম্পানিগুলোর জন্য এসব মান মেনে চলা এবং নির্ধারিত পরিমাণের মধ্যে শিপমেন্ট সম্পন্ন করা অপরিহার্য।
সুগন্ধি চাল রপ্তানি শুধুমাত্র কৃষকদের আয় বাড়াচ্ছেনা বরং দেশের অর্থনীতিতে বৈদেশিক মুদ্রা আনার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। রপ্তানি বৃদ্ধির ফলে বিদেশি বিনিয়োগ, কর্মসংস্থান এবং কৃষিশিল্পে প্রযুক্তি উন্নয়নের সুযোগ ও বাড়ছে। সুগন্ধি চাল রপ্তানি সম্প্রসারণ দেশের কৃষি খাতকে আধুনিকীকরণ এবং বৈদেশিক বাজারে প্রতিযোগিতা করার সক্ষমতা বৃদ্ধি করছে। সুগন্ধি চাল রপ্তানির এই প্রবণতা দেশের কৃষি ও রপ্তানিমুখী অর্থনীতির জন্য ইতিবাচক সঙ্কেত দিচ্ছে। উৎপাদন বাড়ছে, রপ্তানির সুযোগ বৃদ্ধি পাচ্ছে, কিন্তু সফলতার জন্য মান রক্ষা, সঠিক বাস্তবায়ন ও নিয়ন্ত্রণ বজায় রাখা জরুরি।
(বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# লা ইলাহা ইল্লাল্লাহর শক্তি ও মুক্তির বাণী

সৈয়দ নজরুল ইসলাম

সব প্রশংসা একমাত্র আল্লাহর জন্যই। মানুষের হৃদয়কে সবচেয়ে বেশি পরিশুদ্ধ ও আলোকিত করে তাওহিদের ঘোষণা–লা ইলাহা ইল্লাল্লাহ। এই মহাবাণীই বান্দার অন্তর উদ্ভাসিত করে, জিহ্বাকে সত্যের পথে পরিচালিত করে এবং অঙ্গপ্রত্যঙ্গকে সঠিক ইবাদতের দিকে চালিত করে।
আল্লাহ নিজেই এ বাণীর সাক্ষ্য দিয়েছেন এবং তাঁর সর্বশ্রেষ্ঠ রসুল মুহাম্মদ (সা.)কে দিয়ে তা প্রতিষ্ঠিত করেছেন। পবিত্র কোরআনে বলা হয়েছে, আল্লাহ, ফেরেশতা ও জ্ঞানীরা সাক্ষ্য দেন–ইবাদতের যোগ্য একমাত্র আল্লাহ (আল-ইমরান ১৮)। এ সাক্ষ্য সর্বাধিক সত্যনিষ্ঠ ও ন্যায়সংগত।
এই কালিমার ভিত্তিতেই আসমান-জমিন টিকে আছে, নবী-রসুল পাঠানো হয়েছে, কিতাব অবতীর্ণ হয়েছে এবং শরিয়তের বিধান প্রবর্তিত হয়েছে। দুনিয়ার সব আমল, হিসাবনিকাশ এবং দীন প্রতিষ্ঠার মূল চাবিকাঠিও এই বাক্য। লা ইলাহা ইল্লাল্লাহ ঘোষণা করে মুমিন স্বীকার করে–ইবাদত পাওয়ার অধিকার কেবল আল্লাহরই। তাঁর পরিপূর্ণ প্রভুত্ব, শক্তি ও প্রজ্ঞার সামনে সব সৃষ্টিই নির্ভরশীল। তাই তাঁর সামনে সিজদা করার আগেই বান্দার অন্তর নত হয়। এই কালিমা তখনই পূর্ণতা পায়, যখন এর সঙ্গে যুক্ত হয় মুহাম্মাদুর রসুলুল্লাহ–অর্থাৎ রসুল (সা.) এর আনুগত্য। আল্লাহকে ভালোবাসার একমাত্র পথ তাঁর প্রেরিত রসুলকে অনুসরণ করা। সহীহ হাদিসে এসেছে–যে ব্যক্তি হৃদয় থেকে এ সাক্ষ্য দেবে, তার জন্য আল্লাহ জাহান্নামের আগুন হারাম করে দেবেন। সুতরাং কবর-মাজার পূজা কিংবা কোনো প্রকার শিরক থেকে বিরত হয়ে সালাত, সিয়াম, জাকাত, হজসহ সব ইবাদত কেবল আল্লাহর উদ্দেশে এবং রসুল (সা.)এর সুন্নত অনুযায়ী আদায় করা প্রতিটি মুমিনের দায়িত্ব। হে আল্লাহ, আমাদের ভুলত্রুটি ক্ষমা করে তাওহিদের পথে অটল থাকার তৌফিক দিন।

খালিশা আক্তারের মেয়ে। ছোটবেলা থেকেই আবৃত্তির প্রতি গভীর অনুরাগী ফারিয়া নিয়মিত অনুশীলনের মাধ্যমে প্রতিযোগিতার বিভিন্ন ধাপে অসাধারণ পারফরম্যান্স উপস্থাপন করে বিচারকদের মন জয় করে নেয়। তার এ অর্জন উদযাপন করতে মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের পক্ষ থেকে ফারিয়াকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। বুধবার অনুষ্ঠিত এই সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির পরিচালক আলামিন ইসলাম বকুল, অধ্যক্ষ রিতা পারভিন এবং উপাধ্যক্ষ শামসুর রহমান টুটুল। তারা ফারিয়ার হাতে সম্মাননা স্মারক তুলে দিয়ে ভবিষ্যতে আরও বড় সাফল্যের পথে এগিয়ে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন। ফারিয়া রহমান মাহি নিজের সাফল্যে উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, বিদ্যালয় ও পরিবারের সমর্থনই তাকে সামনে এগিয়ে যেতে সবচেয়ে বেশি অনুপ্রাণিত করে। শিক্ষকরাও মনে করেন, ফারিয়ার এ অর্জন অন্যান্য শিক্ষার্থীর মধ্যেও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণের আগ্রহ বাড়াবে।

## গাংনীতে ৩১ দফা প্রচারে মাঠে

(প্রথম পৃষ্টার পর)

জনগণ স্বাধীনভাবে পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারবে। প্রতিটি পরিবারকে একটি ফ্যামিলি কার্ডের আওতায় এনে ১৫ দিনের পারিবারিক ব্যয়সহায়তা দেওয়া হবে। কৃষক, জেলে ও শ্রমিকের জীবনমান উন্নয়নেই এই সংস্কারপ্যাকেজ–এ বার্তাই জনগণের কাছে তুলে ধরা হচ্ছে বলে জানান তিনি। লিফলেট বিতরণের সময় আমজাদ হোসেন বলেন, দেশনায়ক তারেক রহমানের ঘোষিত ৩১ দফা দাবি ঘরে ঘরে পৌঁছে দিতে এবং ধানের শীষে ভোট চাওয়ার লক্ষ্যেই আনুষ্ঠানিকভাবে মাঠে নেমেছি। জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠায় বিএনপি বদ্ধপরিকর বলে তিনি উল্লেখ করেন। এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের সাবেক সভাপতি সুরলে আলভী, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসাইনসহ বিএনপি ও এর অঙ্গসহযোগী সংগঠনের স্থানীয় নেতাকর্মীরা।

## গাংনীতে বিএনপির দলীয় মনোনয়ন

(প্রথম পৃষ্টার পর)

জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। বক্তারা বলেন, দলের দু:সময়ে জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন সবসময় নেতাকর্মীদের পাশে ছিলেন। তাই মেহেরপুর-২ আসনে দলীয় মনোনয়ন পরিবর্তন করে জাভেদ মাসুদ মিল্টনকে দেওয়া উচিত। সমাবেশে বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে অসহায় রোগীর পাশে

(প্রথম পৃষ্টার পর)

পড়ে। বিষয়টি জানতে পেরে মাওলানা তাজউদ্দিন খান নিজ উদ্যোগে সহায়তা দিয়েছেন।
সহায়তা প্রদানকালে তিনি বলেন, "মানবিকতার কোনো ধর্ম নেই। মানুষ মানুষের জন্য–এই বিশ্বাস থেকেই আমরা সবসময় অসহায় মানুষের পাশে দাঁড়াই।" এ সময় জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাও. রুহুল আমীন, সদর উপজেলা আমীর মাও. সোহেল রানা ও সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম উপস্থিত ছিলেন। রোগীর পরিবার কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "সংকটের সময়ে এই সহযোগিতা আমাদের নতুন আশার সঞ্চার করেছে।"

## কুষ্টিয়ার পদ্মা নদীতে বালু লুট,

(প্রথম পৃষ্টার পর)

তাঁকে পরিকল্পিতভাবে নৌকা থেকে নদীতে ফেলে হত্যার চেষ্টা করা হয়েছে। মঙ্গলবার পর্যন্ত তার খোঁজ মেলেনি।বিগত এক দশকেরও বেশি সময় ধরে কুষ্টিয়া, পাবনা ও নাটোর জেলার মধ্য দিয়ে পদ্মা নদী থেকে বালু উত্তোলন ও লুট চলে আসছে। এ চক্রের সঙ্গে স্থানীয় প্রশাসন ও পুলিশ ও রাজনৈতিক নেতাদের সম্পর্ক থাকার অভিযোগ রয়েছে। বর্তমানে এই চক্রে যুক্ত হয়েছে পাবনা লক্ষ্মীকুণ্ডা নৌ পুলিশও। সরকারি সূত্র জানায়, ১০ নভেম্বর বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কুষ্টিয়া, পাবনা ও নাটোর জেলা প্রশাসক এবং পুলিশ সুপারকে বালু উত্তোলন বন্ধে চিঠি দিয়েছেন। চিঠিতে বলা হয়েছে, কেবল মেসার্স মোল্লা ট্রেডার্সকে ৯ কোটি ৬০ লাখ টাকায় পদ্মা নদীর বাহাদুরপুর বালুমহাল ইজারা দেওয়া হয়েছে। কিন্তু মেসার্স বিশ্বাস এন্টারপ্রাইজ, মেসার্স শাওন এন্টারপ্রাইজ ও মেসার্স আনোয়ারুল হক মাসুমের লোকজন দীর্ঘ ১৭-১৮ বছর ধরে অবৈধভাবে বালু উত্তোলন করে আসছে। বৈধ ইজারাদার মেসার্স মোল্লা ট্রেডার্সের মালিক শহিদুল ইসলাম জানান, অবৈধ উত্তোলনের ফলে তার প্রতিষ্ঠান আর্থিক ক্ষতির মুখে পড়েছে। তিনি অভিযোগ করেন, জাকারিয়া পিন্টু ও টনি বিশ্বাস বৈধ টিকিট কাউন্টার ও রান্নাঘরও পুড়িয়ে দিয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আবদুল ওয়াদুদ বলেন, "কাউকে বালু উত্তোলনের অনুমতি দেওয়া হয়নি। বিআইডব্লিউটিএ জানিয়েছে, যাঁরা উত্তোলন করছে, তারা অবৈধ।" লক্ষ্মীকুণ্ডা নৌ পুলিশের ওসি মো. শফিকুল ইসলাম অভিযোগ অস্বীকার করে বলেন, "যারা অবৈধভাবে বালু উত্তোলন করছে, তাদের ধরা হবে।" কুষ্টিয়া পুলিশ সুপার মিজানুর রহমান বলেন, "চিঠি দেখে ব্যবস্থা নেওয়া হবে।"

## ইসির আচরণবিধিতে অসংগতি নিয়ে প্রশ্ন তুললেন শিশির মনির

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচনের আগে নির্বাচন কমিশনের (ইসি) আচরণবিধি সংক্রান্ত সংলাপে অসংগতি ও অস্পষ্টতার ওপর প্রশ্ন তুলেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী ও জামায়াত ইসলামী প্রতিনিধি শিশির মনির। বুধবার (১৯ নভেম্বর) সংলাপে তিনি পোস্টার ব্যবহার, শাস্তি আরোপের এখতিয়ার এবং অভিযোগ নিষ্পত্তির সময়সীমা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। শিশির মনির বলেন, আচরণবিধির ৭-এর 'ক' উপধারায় বলা হয়েছে পোস্টার ব্যবহার করা যাবে না, আবার ৭-এর 'ঘ' উপধারায় পোস্টারসহ প্রচার সামগ্রী ব্যবহার সংক্রান্ত বিধিনিষেধ আরোপের কথা উল্লেখ করা হয়েছে। এতে দ্বৈত নীতি সৃষ্টি হয়েছে। তিনি দাবি করেন, নির্বাচনি ইশতেহার পাঠ বাধ্যতামূলক করা উচিত, যেন রিটার্নিং অফিসারের উপস্থিতিতে সব প্রার্থীর জন্য সমানভাবে প্রচারণা কার্যকর হয়। শাস্তি আরোপের ক্ষেত্রে অস্পষ্টতা থাকায় তিনি ক্ষোভ প্রকাশ করেন। আচরণবিধিতে ছয় মাসের কারাদণ্ড বা এক লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ডের বিধান থাকলেও কে এই শাস্তি আরোপ করবেন তা স্পষ্ট নয়। শিশির মনির বলেন, "যে শাস্তি আরোপ করতে চাইছেন, তা কে করবে তা নির্দেশ থাকা উচিত।" তিনি নির্বাচনী অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য সময়সীমা নির্ধারণের ওপরও গুরুত্বারোপ করেন। তিনি বলেন, "শত শত অভিযোগের দ্রুত নিষ্পত্তির জন্য নির্দিষ্ট সময়সীমা থাকা জরুরি, না হলে নির্বাচন প্রক্রিয়া ধীর হয়ে যাবে।" শিশির মনিরের এই মন্তব্য ইসির আচরণবিধি আরও স্বচ্ছ ও কার্যকর করার জন্য দিকনির্দেশনা হিসেবে প্রাসঙ্গিক।

## যুবক ও ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করা হবেঃ শফিকুর রহমান

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আগামী নির্বাচনে ভোট হাইজ্যাক বা প্রভাবিত করার চেষ্টা বরদাস্ত করা হবে না। মঙ্গলবার (১৮ নভেম্বর) কাফরুল দক্ষিণ থানার প্রীতি সমাবেশে তিনি বলেন, "যুবকেরা তাদের পছন্দমতো ভোট দেবেন, আমরা তাদের পাশে থেকে লড়াই করবো এবং সাহস ও শক্তি দেব।" শফিকুর রহমান হুঁশিয়ারি দিয়ে বলেন, কেউ ভোটপ্রক্রিয়ায় হস্তক্ষেপ করলে তা সহ্য করা হবে না। তিনি উল্লেখ করেন, নির্বাচনে 'গোপনভাবে কাঁঠাল রাখা ও তেল দেওয়ার' মতো কৌশল প্রয়োগকারীরা সফল হতে পারবে না। শেখ হাসিনার মামলার রায়ে মন্তব্য করে তিনি বলেন, এতে কিছুটা মজলুম পরিবারের সান্ত্বনা মিলেছে, তবে বিচার ন্যায়বিচারের মানদণ্ড অনুযায়ী হয়েছে। তিনি বলেন, "আমাদের বক্তব্য স্পষ্ট–কারো ওপর অবিচার চাই না, প্রত্যেক নাগরিকের ন্যায়বিচার নিশ্চিত করতে হবে।" জামায়াত ক্ষমতায় গেলে চাঁদাবাজ ও দুর্নীতিবাজদের নির্মূল করা হবে বলে মন্তব্য করেন তিনি। ব্যবসায়ীদের নিরাপত্তা ও স্বাধীনতা নিশ্চিত করা হবে এবং চাঁদাবাজদের ভয় দেখানো বা হস্তক্ষেপ করা যাবে না। দুর্নীতির বিরুদ্ধে লড়াই অব্যাহত থাকবে। শফিকুর রহমান পররাষ্ট্রনীতি প্রসঙ্গে বলেন, "সব দেশেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রক্ষা করা হবে, কিন্তু কারো প্রভুত্ব মেনে নেওয়া হবে না। স্বাধীন রাষ্ট্রনীতি বজায় রাখা আমাদের লক্ষ্য।" নারীর কর্মসংস্থান ও নিরাপত্তা বিষয়ে তিনি বলেন, মহিলাদের দায়িত্ব ও সম্মান বজায় রেখে কার্যক্রম পরিচালনা করা হবে। "কর্মঘণ্টা কমালে তারা পরিবার ও কাজের মধ্যে ভারসাম্য রাখতে পারবে এবং সমাজে ইতিবাচক অবদান রাখতে সক্ষম হবে।" সমাবেশে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য মুহাম্মদ সেলিম উদ্দিনও উপস্থিত ছিলেন। ডা. শফিকুর রহমানের বক্তব্যে ভোটারদের নিরাপত্তা, দুর্নীতি মোকাবিলা এবং সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার অঙ্গীকার প্রতিফলিত হয়েছে।

## ভারতকে হারানোয় বাংলাদেশ ফুটবল দলকে প্রধান উপদেষ্টার অভিনন্দন

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জাতীয় ফুটবল দল ২২ বছরের পর ভারতের বিরুদ্ধে জয় তুলে নিয়ে ইতিহাস গড়েছে। ২০০৩ সালের পর দীর্ঘ সময়ের আক্ষেপ ঘোচানো এই জয়ের জন্য দলকে অভিনন্দন জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। অভিনন্দন বার্তায় প্রধান উপদেষ্টা বলেন, "এই জয় প্রতিটি বাংলাদেশিকে গর্বিত করেছে। এটি কেবল একটি ফুটবল ম্যাচের জয় নয়, বরং লক্ষ লক্ষ তরুণ-তরুণীর জন্য অনুপ্রেরণা, যারা খেলাধুলাকে ইতিবাচক শক্তির উৎস হিসেবে দেখে। জাতি গঠনে খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ভারতের মতো শক্তিশালী প্রতিপক্ষের বিরুদ্ধে এই জয় এক বিশেষ তাৎপর্য বহন করে।" তিনি আশা প্রকাশ করেন, এই সাফল্য বাংলাদেশের ফুটবলের গৌরবময় দিনগুলো ফেরাতে সহায়ক হবে। এছাড়া তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, নির্বাচিত সরকারও ফুটবলকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে। "২০২৪ সালে দায়িত্ব গ্রহণের পর থেকে অন্তর্বর্তী সরকার ফুটবলকে সমর্থন করে আসছে, এবং আশা করি আগামী দিনের সরকারগুলোও এই ধারাকে অব্যাহত রাখবে।" মঙ্গলবার (১৮ নভেম্বর) ঢাকা জাতীয় স্টেডিয়ামে এএফসি এশিয়ান কাপ বাছাইয়ের সি-গ্রুপে বাংলাদেশের পঞ্চম ম্যাচে ভারতকে ১-০ গোলে হারায়। দলের জয়ের একমাত্র গোলটি করেন ফরোয়ার্ড শেখ মোরসালিন। এই জয়ের মাধ্যমে বাংলাদেশ ফুটবল দল দীর্ঘ দুই দশকের হতাশা ও আক্ষেপ কাটিয়ে উঠে দেশের ক্রীড়াপ্রেমীদের মুখে হাসি ফোটাতে সক্ষম হয়েছে।

## রাখাইনে সংঘাত তীব্রঃ আরাকান আর্মির হামলায় ৩০ জান্তা সেনা নিহত

সূর্যোদয় প্রতিবেদন

মিয়ানমারের রাখাইন রাজ্যে আরাকান আর্মি (এএ) ও সেনাবাহিনীর মধ্যে চলমান সংঘাত আরও তীব্র হয়েছে। শনিবার এএ-এর হামলায় অন্তত ৩০ জান্তা সেনা নিহত হয়েছে বলে দাবি করেছে সংগঠনটি। সংঘাত বাড়ার সঙ্গে সঙ্গে পালিয়ে যাচ্ছে সাধারণ মানুষ; খাদ্য, পানি ও চিকিৎসার সংকট ভয়াবহ আকার ধারণ করেছে। ইরাবতীর প্রতিবেদনে বলা হয়, সেনাবাহিনী থাইন চাউং টাং ঘাঁটি হারানোর পর থেকেই ওই এলাকায় নতুন করে সংঘর্ষ শুরু হয়। এলাকাটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ, কারণ সেখানে চীনের বেশ কয়েকটি বড় প্রকল্প রয়েছে। একটি সূত্র জানায়, মিনপিন গ্রামের চারপাশে আগে থেকেই মাইন পেতে রেখে তাদের ইউনিট সরে যায়। এলাকা 'নিরাপদ' মনে করে জান্তা সেনারা ভেতরে ঢোকার পর এএ হঠাৎ আক্রমণ চালায়। সূত্রটি জানায়, "সেনারা ভেবেছিল গ্রাম ফাঁকা। তারা আরাম করে ভেতরে ঢোকে, এমনকি দলবেঁধে ছবি তুলছিল। সে সময় আমরা ভারী ও হালকা অস্ত্র দিয়ে গুলি চালাই। অনেক সৈন্য মাইনে পা দিয়ে বিস্ফোরণে নিহত হয়।" আরাকান আর্মির দাবি, হামলায় প্রায় ৩০ সেনা নিহত হয়েছে এবং আহতের সংখ্যা আরও বেশি। তবে ইরাবতী স্বাধীনভাবে হতাহতের সংখ্যা নিশ্চিত করতে পারেনি। মিনপিনের বিভিন্ন স্থানে এখনো লড়াই চলছে। জান্তা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে বিমান হামলা ও ড্রোন মোতায়েন করেছে। রাখাইনের বেশ কয়েকটি গ্রামে তীব্র লড়াইয়ের কারণে মানুষ ঘরবাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ের খোঁজে পালিয়ে যাচ্ছে। স্থানীয় স্বেচ্ছাসেবীরা জানান, খাদ্য, ওষুধ ও জরুরি সামগ্রীর ঘাটতি ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে। জান্তা বাহিনী অনেক গ্রামকে অবরুদ্ধ করে তেল সরবরাহ ও ওষুধ প্রবেশ আটকিয়ে রেখেছে বলেও অভিযোগ পাওয়া গেছে। রাখাইন রাজ্যের ১৭টি টাউনশিপের মধ্যে ১৪টি বর্তমানে আরাকান আর্মির নিয়ন্ত্রণে রয়েছে। সামরিক জান্তা এখন কেবল সিত্তে, কিয়াকফিউ ও মানাউং টাউনশিপে নিজেদের উপস্থিতি টিকিয়ে রেখেছে। তবে কিয়াকফিউতেও সম্প্রতি বড় ধরনের হামলার মুখে পড়ে জান্তা বাহিনী। বিশ্লেষকদের মতে, সামরিক জান্তা ঘোষিত নির্বাচনের আগে পুরো রাখাইনজুড়ে সংঘাত আরও বাড়তে পারে। আর সংঘাতের প্রধান চাপ তৈরি হচ্ছে সাধারণ মানুষের ওপর, যারা এখন মানবিক সহায়তার জন্য অপেক্ষা করছে।

## গাজার জন্য ২০ হাজার সেনা প্রস্তুত করছে ইন্দোনেশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় শান্তিরক্ষী বাহিনী পাঠাতে ২০ হাজার সেনা প্রস্তুত করছে ইন্দোনেশিয়া। আন্তর্জাতিক অনুমোদন মিললেই এই বাহিনী যুদ্ধবিধ্বস্ত উপত্যকায় মোতায়েন করা হবে বলে জানিয়েছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী স্যাফরি স্যামসুদ্দিন। শনিবার (১৫ নভেম্বর) টিআরটি ওয়াল্ডের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিরক্ষামন্ত্রী জানান, মোতায়েনের জন্য দুটি সম্ভাব্য পথ বিবেচনায় রয়েছে–একটি জাতিসংঘের অধীনে শান্তিরক্ষা মিশন হিসেবে এবং অন্যটি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের প্রস্তাবিত আন্তর্জাতিক ব্যবস্থার অংশ হিসেবে। দ্বিতীয় বিকল্প বাস্তবায়নে রাষ্ট্রপ্রধান পর্যায়ে উচ্চ পর্যায়ের কূটনৈতিক সমন্বয় প্রয়োজন হবে বলেও তিনি উল্লেখ করেন। স্যাফরি স্যামসুদ্দিন বলেন, "সৌদি আরব, জর্ডান, মিসর, কাতার ও সংযুক্ত আরব আমিরাত–এই আরব দেশগুলো যদি সম্মতি দেয়, ইন্দোনেশিয়া আনন্দের সঙ্গে শান্তিরক্ষী বাহিনীতে অংশ নেবে। একই সঙ্গে ইসরায়েলের অনুমতিও অত্যন্ত গুরুত্বপূর্ণ।" প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত গাজা যুদ্ধ বন্ধে ২০ দফা উদ্যোগের প্রথম ধাপেরই অংশ এই পরিকল্পনা। এর আওতায় ১০ অক্টোবর থেকে ধাপে ধাপে যুদ্ধবিরতি কার্যকর হচ্ছে। সম্প্রতি জর্ডানের বাদশাহ দ্বিতীয় আবদুল্লাহর জাকার্তা সফরকে কেন্দ্র করে দুই দেশের মধ্যে গাজা পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট প্রাবোও সুবিয়ান্তোর সঙ্গে বৈঠকে উভয় দেশ গাজা পরিস্থিতি মোকাবিলায় গোয়েন্দা তথ্য আদান-প্রদানের সিদ্ধান্ত নেয়। জর্ডানের সশস্ত্র বাহিনীর প্রধান ইউসুফ আহমেদ আল-হুনাইতির সঙ্গে বৈঠকের পর ইন্দোনেশিয়ার প্রতিরক্ষামন্ত্রী জানান, "আমরা যৌথভাবে একটি কমিটি গঠন করব, যা নিয়মিত গোয়েন্দা তথ্য ও হালনাগাদ পরিস্থিতি বিনিময় করবে। গাজা সীমান্তের নিকটবর্তী দেশ হিসেবে জর্ডানের তথ্য আমাদের জন্য কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ।"
তিনি আরও বলেন, সম্ভাব্য শান্তিরক্ষা বাহিনী মোতায়েনের প্রস্তুতি হিসেবে এই গোয়েন্দা তথ্য অত্যাবশ্যক। এদিকে প্রতিরক্ষা সহযোগিতার অংশ হিসেবে ড্রোন প্রযুক্তি উন্নয়নে যৌথভাবে কাজ করবে দুই দেশ। এই প্রকল্প বাস্তবায়ন করবে ইন্দোনেশিয়ার রাষ্ট্রায়ত্ত অস্ত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান পিটিআই পিন্দাদ এবং জর্ডানের প্রতিষ্ঠান ডিপ এলিমেন্ট।

## শেখ হাসিনার রায় নিয়ে 'বিস্ফোরক মন্তব্য' শুভেন্দুর

সূর্যোদয় প্রতিবেদন

মানবতাবিরোধী অপরাধের মামলায় বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ঘোষিত রায়কে ঘিরে বিতর্কিত মন্তব্য করেছেন ভারতের পশ্চিমবঙ্গের বিজেপি সভাপতি শুভেন্দু অধিকারী। সোমবার (১৭ নভেম্বর) টেলিগ্রাফ ইন্ডিয়ার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিজেপি নেতা শুভেন্দু অধিকারী বলেন, "এই রায় পাকিস্তানের নির্দেশে করা হয়েছে। এটি বাস্তবায়িত হবে না। শেখ হাসিনা প্রগতিশীল নেতা; তিনি কোনো চরমপন্থী গোষ্ঠীর সঙ্গে যুক্ত ছিলেন না।" তার এই বক্তব্য ভারতের রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। রায় ঘোষণার পরপরই আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায় ভারত। এক বিবৃতিতে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, তারা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ের বিষয়ে অবগত। বিবৃতিতে বলা হয়, "নিকটতম প্রতিবেশী হিসেবে বাংলাদেশে শান্তি, গণতন্ত্র, স্থিতিশীলতা ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন–এই সবকিছুর প্রতি ভারত প্রতিশ্রুতিবদ্ধ। এসব লক্ষ্য অর্জনে আমরা সব অংশীদারের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করে যাব।" আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১এর বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বেঞ্চ জুলাই মাসের গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেন। মামলার দুই নম্বর অভিযোগে তাকে ফাঁসির আদেশ এবং এক নম্বর অভিযোগে আমৃত্যু কারাদণ্ড দেওয়া হয়েছে। একই মামলায় সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকেও ফাঁসির আদেশ দেওয়া হয়েছে। আর রাজসাক্ষী হয়ে সত্য উন্মোচনে সহায়তা করায় সাবেক আইজিপি চৌধুরী মামুনকে পাঁচ বছরের কারাদণ্ড দেন আদালত। শেখ হাসিনার বিরুদ্ধে এমন রায় ও তা ঘিরে ভারতীয় রাজনীতিবিদদের মন্তব্য দক্ষিণ এশিয়ার আঞ্চলিক রাজনীতিতে নতুন আলোচনার সূচনা করেছে।